BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/১৩৪ তারিখঃ ১২ জুলাই, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থবছরে রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ বাংলাদেশ ব্যাংকের এফই সার্কুলার নং-২৮, তারিখঃ ১০/৭/২০২৫ইং

সম্মানিত সকল সদস্যের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের প্রথম ছয় মাসে (জুলাই-ডিসেম্বর) রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা আগের মতই বহাল রেখেছে সরকার। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ থেকে সূত্রোক্ত সার্কুলার জারী করা হয়েছে।

সার্কুলারে উল্লেখ করা হয়েছে, ২০২৫ সালে ১ জুলাই থেকে ৩০ ডিসেম্বর পর্যন্ত সময়ে যেসব পণ্য জাহাজীকরণ করা হবে সেগুলোর বিপরীতে এই নগদ সহায়তা প্রযোজ্য হবে।

সার্কুলারের বর্ণনামতে রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পখাতে রপ্তানির বিপরীতে গত বছরের ন্যায় একই হারে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা বহাল আছে যা নিম্নরূপঃ

| ক্রঃ | খাতের নাম | হার (%) |
|---|---|---|
| ১ | রপ্তানিমুখী দেশিয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক- এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা। | ১.৫০% |
| ২ | ইউরো অঞ্চলে বস্ত্রখাতের রপ্তানিকারকদের জন্য বিদ্যমান ১.৫০% এর অতিরিক্ত বিশেষ সহায়তা। | ০.৫০% |
| ৩ | রপ্তানিমুখী তৈরি পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভূক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা। | ৩.০০% |
| ৪ | নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্রখাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ/ইউকে ব্যতীত)। | ২.০০% |
| ৫ | তৈরি পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা। | ০.৩০% |

প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

১২/৭/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি,সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

আষাঢ় ২৬, ১৪৩২
তারিখ: -------------------
জুলাই ১০, ২০২৫

এফই সার্কুলার নম্বর ২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

২০২৫-২০২৬ অর্থবছরের ০১ জুলাই ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান।

দেশের রপ্তানি বাণিজ্য উৎসাহিত করার লক্ষ্যে সরকার বর্তমানে ৪৩টি খাতে রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করছে। এ প্রেক্ষিতে ০১ জুলাই ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত জাহাজিকৃত পণ্যের ক্ষেত্রে বিদ্যমান খাতগুলোতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার হার এতদ্‌সংযুক্ত ছক (পরিশিষ্ট-ক) অনুসারে প্রযোজ্য হবে।

০২। ২০২৫-২০২৬ অর্থবছরের উল্লিখিত সময়ের রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্র বহিঃনিরীক্ষক দ্বারা নিরীক্ষা করানো যাবে। এক্ষেত্রে নিরীক্ষা কার্যক্রম সংক্রান্ত এফই সার্কুলার পত্র নম্বর ১০, তারিখ জুলাই ০৮, ২০২৪-এর নির্দেশনাসহ সংশ্লিষ্ট অপরাপর এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা যথারীতি বহাল থাকবে।

রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য শর্তসহ সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা যথারীতি কার্যকর থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: পরিশিষ্ট-ক (২ পাতা)

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন নম্বর : ৯৫৩০১২৩

পরিশিষ্ট-ক

সূত্র : এফই সার্কুলার নম্বর ২৮/২০২৫ দ্রষ্টব্য

০১ জুলাই ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত জাহাজিকৃত পণ্যের ক্ষেত্রে বিভিন্ন খাতে প্রযোজ্য রপ্তানি প্রণোদনার হার

| ক্রম | খাতের নাম | হার (%) |
|---|---|---|
| ১. | রপ্তানিমুখী দেশিয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক-এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা | ১.৫০ |
| ২. | ইউরো অঞ্চলে বস্ত্রখাতের রপ্তানিকারকদের জন্য বিদ্যমান ১.৫০% এর অতিরিক্ত বিশেষ সহায়তা | ০.৫০ |
| ৩. | রপ্তানিমুখী তৈরি পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা | ৩.০০ |
| ৪. | নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্রখাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ/ইউকে ব্যতীত) | ২.০০ |
| ৫. | তৈরি পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা | ০.৩০ |
| ৬. | পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা:<br>ক) বৈচিত্র্যকৃত পাটপণ্য (Diversified Jute product)<br>খ) পাটজাত চূড়ান্ত দ্রব্য (হেসিয়ান, সেকিং ও সিবিসি)<br>গ) পাটসুতা (ইয়ার্ন ও টোয়াইন)<br>(পাট আইন, ২০১৭ তে উল্লিখিত বৈচিত্র্যকৃত পাটপণ্যের সংজ্ঞা অনুসারে ন্যূনতম ৫০ ভাগ মূল্যমানের পাটের ব্যবহার থাকতে হবে) | <br>১০.০০<br>৫.০০<br>৩.০০ |
| ৭. | চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা (সিলিং সীমা পূর্বের ন্যায় বহাল থাকবে) | ১০.০০ |
| ৮. | হাতে তৈরি পণ্য (হোগলা, খড়, আখের/নারিকেলের ছোবড়া, গাছের পাতা/খোল, গার্মেন্টস-এর ঝুট কাপড় ইত্যাদি) রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৯. | গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ১০. | হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা:<br>ক) হিমায়িত চিংড়ি রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to ২০%<br>Above ২০% to ৩০%<br>Above ৩০% to ৪০%<br>Above ৪০%<br>খ) হিমায়িত অন্যান্য মাছ রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to ২০%<br>Above ২০% to ৩০%<br>Above ৩০% to ৪০%<br>Above ৪০% | <br><br>৮.০০<br>৭.০০<br>৬.০০<br>৪.০০<br><br>৩.৫০<br>২.৫০<br>২.০০<br>১.৫০ |
| ১১. | কৃষিপণ্য (শাকসজি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা | ১০.০০ |
| ১২. | আলু রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা | ১০.০০ |
| ১৩. | হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা | ১০.০০ |
| ১৪. | ১০০% হালাল মাংস ও ১০০% হালাল প্রক্রিয়াকৃত মাংসজাত পণ্য রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা | ১০.০০ |
| ১৫. | সাভারে চামড়া শিল্প নগরীতে অবস্থিত কারখানা ও সাভারের বাইরে অবস্থিত নিজস্ব ইটিপি রয়েছে এ রূপ কারখানায় উৎপাদিত ক্রাস্ট ও ফিনিশড লেদার রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা<br>ক) ক্রাস্ট (Crust) লেদার<br>খ) ফিনিশড লেদার | <br><br>৬.০০<br>৬.০০ |
| ১৬. | ক) পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা<br>খ) পেট বোতল-ফ্লেক্স থেকে উৎপাদিত পলিইয়েস্টার স্টাপল ফাইবার রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০<br>৬.০০ |

সূত্র : এফই সার্কুলার নম্বর ২৮/২০২৫ দ্রষ্টব্য



| ক্রম | খাতের নাম | হার % |
|---|---|---|
| ১৭. | জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ১৮. | পাটকাঠি থেকে উৎপাদিত কার্বন ও জুট পার্টিকেল বোর্ড রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৮.০০ |
| ১৯. | শস্য ও শাক সবজি-এর বীজ রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৮.০০ |
| ২০. | ফার্নিচার রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৮.০০ |
| ২১. | প্লাস্টিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ২২. | দেশে উৎপাদিত কাগজ ও কাগজ জাতীয় পণ্য রপ্তানিতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ২৩. | আগর ও আতর রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৮.০০ |
| ২৪. | Active Pharmaceutical Ingredients (API) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৫.০০ |
| ২৫. | অ্যাকুমুলেটর ব্যাটারি (HS code: 8507.10 এবং 8507.20) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ১০.০০ |
| ২৬. | সিনথেটিক ও ফেব্রিকস্-এর মিশ্রণে তৈরি পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৮.০০ |
| ২৭. | (ক) বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Services) ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা<br>(খ) সফটওয়্যার, আইটিইএস সেবা রপ্তানির বিপরীতে ব্যক্তি পর্যায়ের ফ্রিল্যান্সারদের জন্য রপ্তানি প্রণোদনা | ৬.০০<br>২.৫০ |
| ২৮. | ফার্মাসিউটিক্যালস পণ্য (মেডিক্যাল/সার্জিক্যাল Instruments and Appliances সহ) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ২৯. | মোটর সাইকেল রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩০. | Photovoltaic Module রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩১. | রেজার ও রেজার ব্লেড রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩২. | সিরামিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩৩. | টুপি রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৭.০০ |
| ৩৪. | কাঁকড়া ও কুঁচে (হিমায়িত, সফটসেল ও জীবন্ত) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩৫. | Galvanized Sheet/Coils (Coated with zinc, Coated with Aluminium ও Zinc এবং Color Coated) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩৬. | কেমিক্যাল পণ্য (ক্লোরিন, হাইড্রোক্লোরিক এসিড) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৫.০০ |
| ৩৭. | কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানিতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩৮. | চাল রপ্তানিতে রপ্তানি প্রণোদনা | ৩.০০ |
| ৩৯. | দেশে উৎপাদিত চা রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ২.০০ |
| ৪০. | দেশে উৎপাদিত MS Steel Products রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ২.০০ |
| ৪১. | দেশে উৎপাদিত বাইসাইকেল ও এর পার্টস রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৩.০০ |
| ৪২. | দেশে উৎপাদিত সিমেন্ট সিট রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৩.০০ |
| ৪৩. | বিশেষায়িত অঞ্চল (ইজেড, ইপিজেড ও হাইটেক পার্ক) এ অবস্থিত প্রতিষ্ঠানের অনুকূলে রপ্তানি প্রণোদনা:<br>এফই সার্কুলার নম্বর ৩৪/২০২১-এর<br>১) প্রথম অনুচ্ছেদের (ক) উপঅনুচ্ছেদ অনুসারে সংশ্লিষ্ট সার্কুলারের আওতায় পরিশোধ্য রপ্তানি প্রণোদনা (এফই সার্কুলার নং ০১, তারিখ জানুয়ারি ০৭, ২০২০-এর আওতায় পরিশোধ্য তৈরি পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা ব্যতীত)<br>২) প্রথম অনুচ্ছেদের (খ) উপঅনুচ্ছেদের আওতায় টাইপ-এ ও টাইপ-বি প্রতিষ্ঠানের প্রক্রিয়াজাত কৃষিপণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা<br>৩) প্রথম অনুচ্ছেদের (ক) উপঅনুচ্ছেদের আওতায় এফই সার্কুলার নং ০১, তারিখ জানুয়ারি ০৭, ২০২০-এর আওতায় তৈরি পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা এবং (গ) উপঅনুচ্ছেদ অনুসারে সকল ক্যাটাগরিভুক্ত প্রতিষ্ঠানের অন্যান্য পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | <br><br>২.০০<br>২.০০<br>০.৩০ |